✓MetroPlus**Health**

**MetroPlusHealth Plan বার্ষিক গোপনীয়তা বিজ্ঞপ্তি**

MetroPlusHealth আপনার গোপনীয়তার অধিকারকে সম্মান করে। এই বিজ্ঞপ্তিটি বর্ণনা করে কেমন করে আমরা আপনার সম্পর্কে পাওয়া সর্বজনীন নয় এমন ব্যক্তিগত আর্থিক ও স্বাস্থ্যের তথ্য ("তথ্য") প্রাপ্ত করি এবং সেগুলি গোপন ও সুরক্ষিত রাখতে আমরা কী করি যা New York State বিমা আইন (Insurance Law) (প্রবিধান 169) অনুসারে প্রয়োজনীয়।

এছাড়াও, আপনি যেকোনো সময় MetroPlusHealth প্রাইভেসি অফিসারের সাথে যোগাযোগ করে MetroPlusHealth -এর **স্বাস্থ্য তথ্যের গোপনীয়তা চর্চার বিজ্ঞপ্তির** পূর্ণাঙ্গ পাঠ্য সংস্করণের অনুরোধ করতে পারেন, যেখানে ফেডারেল স্বাস্থ্য বীমা স্থানান্তরযোগ্যতা ও জবাবদিহিতা আইন (Health Insurance Portability and Accountability Act) (HIPAA) -এর অধীনে আপনার চিকিৎসা-সংক্রান্ত তথ্য কীভাবে ব্যবহার ও প্রকাশ করা হতে পারে তা বর্ণনা করা হয়েছে। এছাড়াও এই তথ্য আমাদের ওয়েবসাইটে পাওয়া যায় এখানে www.metroplus.org/privacy-policies

## তথ্যের প্রকার

| | |
|---|---|
| **MetroPlusHealth নিম্নলিখিত উৎস থেকে আপনার সম্পর্কে তথ্য সংগ্রহ করে এবং প্রকাশ করতে পারে:** | • আবেদন এবং অন্যান্য ফর্মগুলিতে আপনি যে তথ্য আমাদেরকে দেন বা আপনি আমাদের জানান; এবং<br>• আপনার আমাদের সঙ্গে লেনদেন, আমরা যে সব স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সঙ্গে কাজ করি সেই সম্পর্কিত এবং অন্যান্য তথ্য। |
| **আপনার তথ্য নিয়ে আমরা কী করি: আমরা আমাদের সদস্য এবং প্রাক্তন সদস্যদের তথ্য কারো কাছে প্রকাশ করি না, যদি না** | • MetroPlusHealth এর সদস্য হিসাবে আপনি যে স্বাস্থ্যসেবা সুবিধাগুলি পান তা প্রদান করতে, উদাহরণস্বরূপ, আপনার প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করতে এবং আপনার পাওয়া পরিষেবাগুলির জন্য অর্থ প্রদান করতে;<br>• MetroPlusHealth এর একজন সদস্য হিসাবে আপনার কাছে উপলব্ধ প্রোগ্রাম ও পরিষেবাগুলি সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করতে; এবং |

| | |
|---|---|
| **তা আইন দ্বারা অনুমোদিত হয়।** | • আমাদের ব্যবসা চালাতে এবং আইনি ও নিয়ামক প্রয়োজনীয়তাগুলির প্রতিপালন করতে। |
| **কীভাবে আমরা আপনার গোপনীয়তা রক্ষা করি** | • MetroPlusHealth ব্যবসা পরিচালনা করতে বা আইনি ও নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা মেনে চলার জন্য আমরা কর্মচারী এবং অন্যান্য ব্যক্তিদের কাছে আপনার তথ্যের অ্যাক্সেস সীমিত করি।<br>• কর্মচারীরা যদি আমাদের গোপনীয়তা নীতি ও প্রণালীসমূহ লঙ্ঘন করে তবে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে এবং তাদে বহিষ্কার করা হতে পারে।<br>• এছাড়াও আমরা স্টেট ও যুক্তরাষ্ট্রীয় প্রবিধান অনুসারে তথ্যকে গোপন ও সুরক্ষিত রাখতে ভৌত, বৈদ্যুতিন ও পদ্ধতিগত সুরক্ষাও ব্যবহার করি। |
| **প্রাক্তন সদস্যবৃন্দ** | • MetroPlusHealth -এর সাথে আপনার সদস্যপদ শেষ হলে, বর্তমান সদস্যদের জন্য থাকা আমাদের নীতি ও পদ্ধতি অনুযায়ী আপনার তথ্য সুরক্ষিত থাকবে। |
| **MetroPlus -এর সঙ্গে যোগাযোগ করুন** | • আমাদের গোপনীয়তা নীতি ও রীতিসমূহ সম্পর্কে আরো তথ্যের জন্য অনুরোধ করতে,<br>• আমাদের কাছে গোপনীয়তা সম্পর্কিত একটি অভিযোগ দায়ের করুন, অথবা<br>• আমাদের রেকর্ডে আপনার সম্পর্কে তথ্য পর্যালোচনা করার জন্য লিখিত অনুরোধ পাঠান।<br><br>**গ্রাহক পরিষেবাসমূহ – MetroPlus Health Plan**<br>**50 Water Street, 7th Floor**<br>**New York, NY 10004**<br>• **সাধারণ ফোন:** 1-800-303-9626, সপ্তাহে 7 দিন, সকাল 8:00টা থেকে রাত 8:00টা<br>• **Medicare সদস্যগণ:** 1-866-986-0356, সপ্তাহে 7 দিন, সকাল 8:00টা থেকে রাত 8:00টা<br>• **TTY:** 711 |

**MetroPlus এর সাথে কীভাবে বেনামে যোগাযোগ করবেন:**

**কমপ্লায়েন্স হটলাইন** (সম্পূর্ণ বেনামী এবং দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন, বছরে 365 দিন অ্যাক্সেসযোগ্য)**:**

- কল করুন **1-888-245-7247**
- পরিদর্শন করে একটি অনলাইন প্রতিবেদন জমা দিন: https://metroplus.org/about-us/privacy-policies